



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/নতুন/বিদ্যা/১৫/২০২২/০৬৯

তারিখ : ২৪/০৭/২০২২ খ্রিঃ

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০০২.২০২২.১৮০

তারিখ : ১৮/০৭/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আপনার বিদ্যালয়ে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মানবিক বিভাগে মাধ্যমিক পর্যায়ে (নবম ও দশম) পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল।

| | | |
|-----------------------|---|---|
| আবশ্যিক বিষয়সমূহ : | ঃ | মাধ্যমিক পর্যায়ে পঠিত বিভাগ ও বিষয় সমূহ বাংলা, ইংরেজি, গণিত, ধর্ম ও নৈতিক শিক্ষা (ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। |
| মানবিক আবশ্যিক : | ঃ | বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা, ভূগোল ও পরিবেশ, অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা, বিজ্ঞান |
| মানবিক ঐচ্ছিক : | ঃ | অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা। |
| ধারাবাহিক মূল্যায়ন : | ঃ | শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা, ক্যারিয়ার শিক্ষা |

শর্তসমূহ :

- প্রাথমিক পাঠদানের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- এ পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীর সংখ্যা বাড়াতে হবে এবং শ্রেণির ব্লাকবোর্ড, বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষক/শিক্ষিকাগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- বিদ্যালয়ের চারিদিকে মূল্যবান আরো অধিক বৃক্ষের চারা রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

তারিখ : ২৪/০৭/২০২২ খ্রিঃ

প্রাপক : প্রধান শিক্ষক

“মহলগীরি উচ্চ বিদ্যালয়”

উপজেলা : ইসলামপুর, জেলা : জামালপুর।

মেমো নং- ০৬৯(৯)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- পরীক্ষা নিয়ন্ত্রক, ময়মনসিংহ শিক্ষা বোর্ড।
- উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর।
- জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর।
- সহকারি প্রোগ্রামার, ময়মনসিংহ শিক্ষা বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় কার্যার্থে)।
- অফিস কপি।

24/07/2022

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।